

## 💵 দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ গান-বাজনা, খেলাধুলা রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

বিয়ে ও ঈদের সময় 'দুফ' বাজিয়ে ছোট ছোট মেয়েরা বৈধ গীত গাইতে পারে। অন্য খুশীর উপলক্ষেয়ও কি অনুরূপ দুফ বাজিয়ে গীত গাওয়া যায়?

বিয়ে ও ঈদ ছাড়া অন্য কোন খুশীর উপলক্ষেয় 'দুফ' বাজানো বৈধ নয়। একদা কোন যুদ্ধ থেকে মহানবী ৠ বিজয়ী হয়ে ফিরে এলে একটি কৃশকায় দাসী এসে বলল, '(হে আল্লাহর রাসুল!) আমি নযর মেনেছিলাম যে, আপনি ভালভাবে ফিরে এলে আমি আপনার কাছে দুফ বাজাব।' নবী ৠ বললেন, "তুমি যদি নযর মেনে থাকো, তাহলে তা পুরা কর। আর না মেনে থাকলে তা করো না।" সুতরাং দাসীটি দুফ বাজাতে থাকল। ইতিমধ্যে আবু বাকর এসে প্রবেশ করলেন। তখনও সে বাজাতে থাকল। অন্য কেউ এসে উপস্থিত হলেও সে বাজাতে থাকল। অবশেষে উমার প্রবেশ করলে দুফটাকে সে নিজ পেছনে লুকিয়ে কাপড়ে মুখও লুকাতে লাগল। তা দেখে আল্লাহ্র রাসুল ৠ উমারের উদ্দেশ্যে বললেন, "শয়তানও তোমাকে ভয় পায় হে উমার!" (আহমাদ, তিরমিয়ী, সিঃ সহীহাহ ১৬০৯ নং)

উক্ত হাদিস থেকেও বুঝা যায় যে, বিয়ে ও ঈদ ছাড়া অন্য উপলক্ষেয় দুফ বাজানো বৈধ নয়। অবশ্য নযর পালন করা ও সে ব্যাপারে নবী ﷺ এর অনুমতি দেওয়া এ কথার দলীল যে, এ কেবল তার ফিরে আসার জন্য নির্দিষ্ট। যেহেতু তার নিরাপদে ফিরে আসার বিষয়টি ঈদ ও বিয়ের চাইতেও বেশি খুশীর বিষয়। (আলবানী)

Source — https://www.hadithbd.com/books/link/?id=1474

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন